সরকারী শিপিং অফিস
চট্টগ্রাম।
ডাইরী নং......২২৪
তারিখ......২/২/২০২০
স্বাক্ষর......

# পরিদর্শন প্রতিবেদন

পরিদর্শনকারী কর্মকর্তাঃ শাহনওয়াজ দিলরুবা খান, যুগ্মসচিব
নৌপরিবহন মন্ত্রণালয়,গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিদর্শনের স্থানঃ সরকারি সমুদ্র পরিবহন অফিস
সরকারি কাযভবন-১, আগ্রাবাদ, চট্টগ্রাম।

পরিদর্শনের তারিখঃ ০৩-১১-২০১৯ খ্রিঃ, দিন- সোমবার, সময়ঃ দুপুর ৩.০০ – ৭.০০ ঘটিকা।

উক্ত তারিখ ও সময়ে সরকারি সমুদ্র পরিবহন অফিস, চট্টগ্রামে উপস্থিত হয়ে অফিস আঙ্গিনায় বেশ কিছু নাবিককে দাড়ানো অবস্থায় দেখা যায়। অপেক্ষমান নাবিক ও কিছু সংখ্যক নাবিক রিক্রুটিং এজেন্ট প্রতিষ্ঠানের মালিক/প্রতিনিধির কাছে সরকারি শিপিং অফিসের কার্যক্রম সম্পর্কে জানতে চাওয়া হলে তারা জানান যে, শিপিং অফিসের পূর্বের যে কোন সময়ের চেয়ে বর্তমান শিপিং মাস্টার এর কার্যকালে সিডিসি ইস্যু, নাবিক নিবন্ধন, নাবিক নির্বাচন, সাইন অন, সাইন অফ, সিডিসি ইস্যু, নাবিকদের পদোন্নতি, রোষ্টারকরণ এবং জাহাজ মালিক/নাবিকদের স্বার্থ সংশ্লিষ্ট সকল কাজ দ্রুততম সময়ে সম্পন্ন করা হচ্ছে। তাছাড়া, নাবিক নির্বাচন ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে নোটিশ বোর্ডে, ওয়েবসাইটে এবং এলইডি নোটিশ বোর্ডে বিভিন্ন প্রচারণামূলক বিজ্ঞপ্তি ও সিটিজেন চার্টার দৃশ্যমান করাতে সেবা সম্পর্কে সকলে অবহিত হয়ে অতি সহজে সেবা গ্রহণ করতে পারছেন। অফিসের কর্ম পরিবেশ উন্নত হওয়ায় এবং দ্রুততম সময়ে সেবা প্রাপ্ত হওয়ায় নাবিকসহ সকলে খুশি। এছাড়াও নাবিকদের স্বার্থ সংশ্লিষ্ট কোন অভিযোগ/সমস্যা জানানো হলে দ্রুততার সাথে শিপিং অফিস কর্তৃক সমাধান করা হয়।

উপঃ শিঃ মাস্টার..........
সহঃ শিঃ মাস্টার..........
সহঃ হিঃ রঃ কঃ..........
অফিস তত্ত্বাবধায়ক..........২/২/২০২০
হিসাব রক্ষক..........
শিপিং শাখা..........
রোস্টার শাখা..........
সি ডি সি শাখা..........
পি এ টু শিঃ মাস্টার..........

উপস্থিত ম্যানিং এজেন্ট প্রতিনিধিগন জানান, বর্তমান প্রচলিত বিধি মোতাবেক নাবিক নির্বাচনে সময় বেশি লাগে। তারা শর্ট নোটিশে নাবিক নির্বাচনের দাবী জানান এবং আরো উল্লেখ করেন যে, যদি শিপিং অফিস হতে শর্ট নোটিশে তাদেরকে নাবিক নির্বাচন দেয়া না হয় তাদের বিদেশী জাহাজ মালিক অন্য দেশ হতে তাদের জাহাজের জন্য নাবিক নিয়োগ করবেন! তারা আরো বলেন যে, বিদেশি জাহাজ মালিকরা নাবিকদের কর্ম দক্ষতা অনুযায়ী তাদের পছন্দমত নাবিক নিয়োগ করে থাকেন। কাজেই রোষ্টার সিনিয়রিটি মোতাবেক নাবিক নির্বাচন প্রদান করা হলে, বাংলাদেশি নাবিকেরা বিদেশি জাহাজে চাকরি করার সুযোগ হারাবেন এ বিষয়টি বিবেচনায় এনে নাবিকদের স্বার্থরক্ষা নিশ্চিত করার ব্যবস্থা নিবার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

পরবর্তীতে শিপিং মাস্টার এর কক্ষে উপস্থিত হয়ে শিপিং অফিসের সকল কার্যক্রম পরিদর্শন করা হয়। নাবিক নির্বাচন সংক্রান্ত রেজিস্টার, দৈনিক হাজিরা খাতা চেক করা হয় এবং হাজিরা খাতায় স্বাক্ষর মোতাবেক সকল কর্মকর্তা ও কর্মচারীদের উপস্থিতি পাওয়া যায়। তাদের সাথে পরিচিত হয়ে তাদের কাজকর্ম সম্পর্কে জানতে চাওয়া হয়। তারা জানান যে, বর্তমানে ৯৫% কাজ ই-নথির মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে। কোন সেবা প্রত্যাশি যাতে সহজে সেবা গ্রহণ করতে পারে, সেজন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদানসহ সেবা প্রদান করা হয়ে থাকে। ০৭ টি ম্যানিং এজেন্টের সিফ্যারারদের সাইন অন-অফ কার্যক্রম অন লাইনের মাধ্যমে সম্পাদন করা হচ্ছে এবং সাইন অন-অফ কার্যক্রমও দ্রুততার সাথে করা হয়। এছাড়াও চট্টগ্রাম বন্দরে আগত দেশী/বিদেশী জাহাজের আগমন ও বহির্গমন ছাড়পত্র ইস্যু, সিডিসি ইস্যুর আবেদন পত্র অনলাইনে গ্রহনের জন্য দরপত্র আহবান করা হয়েছে। এতে করে অফিসটি ই-ফাইলিং এর কাজে উদ্যোগী বলে প্রতিভাত হয়েছে।

শিপিং অফিসের কর্মচারীরা তাদের কিছু সমস্যা তুলে ধরে তার সমাধানের জন্য অনুরোধ জানান। অফিসের নিজস্ব নিয়োগ বিধি না থাকাতে এক এক জন কর্মচারী দীর্ঘ সময় ধরে একই পদে অবস্থান করছে। তাছাড়া, নৌপরিবহন অধিদপ্তরের আওতাধীন সকল দপ্তরের জন্য প্রণয়নকৃত একক নিয়োগবিধিতে মেরিনার অর্ন্তভুক্ত করায় ও তাদের জন্য তেমন কোন পদোন্নতির সুযোগ নাই বলে তারা জানতে পেরেছেন মর্মে অবহিত করেন এবং হতাশা প্রকাশ করেন।প্রনয়নকৃত একক নিয়োগবিধিতে অফিস তত্ত্বাবধায়ক পদ হতে সহকারী মাস্টার পদে পদোন্নতি প্রদানের সুযোগের ধারাবাহিকতা অব্যাহত রেখে হিসাব রক্ষক/উচ্চমান সহকারী/ উচ্চমান সহকারী কাম ক্যাশিয়ার পদ হতে উপযুক্ততার ভিত্তিতে সহকারী হিসাব রক্ষক (অফিসার) পদে পদোন্নতিসহ অন্যান্য সকল পদ হতে পদোন্নতির সুযোগ রাখার জন্য তারা একান্তভাবে অনুরোধ জানান। তাদের এসব সমস্যা সমাধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হলো।

বর্তমানে উপ-শিপিং মাস্টার, সহকারী হিসাব রক্ষণ অফিসার, ১টি উচ্চমান সহকারী ও ২টি অফিস সহকারীর পদ শূণ্য আছে বলে জানা যায়। শূণ্য পদগুলি জরুরীভিত্তিতে পূরণের ব্যবস্থা গ্রহণ করা হলে অফিসের কাজকর্ম আরো গতিশীল করা সম্ভব হবে মর্মে শিপিং মাস্টার জানান। এসব শূণ্য পদ পূরণে দ্রুত ব্যবস্থা নিবার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সরকারী শিপিং অফিসটি সিসিটিভি ক্যামরা দ্বারা নিয়ন্ত্রিত এবং পরিস্কার পরিছন্ন ও কর্ম পরিবেশ সন্তোষজনক পরিলক্ষিত হয়।

শিপিং অফিসের সকল কর্মকর্তাকে তাদের অর্পিত দায়িত্ব সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পরিপালনের জন্য নির্দেশ দেয়া হয়। কারো কোন কাজে অবহেলা বা অসততার কারণে প্রতিষ্ঠানের সুনাম যেন বিনষ্ট না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে সকলকে নির্দেশ দেয়া হয়। সবশেষে মন্ত্রণালয়ের APA এর লক্ষ্যমাত্রা আইন, শুদ্ধাচার কৌশল, ইনোভেশন, ই-নথি ইত্যাদি কার্য়ক্রমের মাধ্যমে প্রতিটি কাজে স্বচ্ছতা ও জবাবদিহিতা বজায় রাখতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়।

সচিব
নৌপরিবহন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৪।১২।২২

(শাহনওয়াজ দিলরুবা খান)
যুগ্মসচিব (বিএসসি, জানরক, উন্নয়ন
ও মনিটরিং)
ফোন: ৯৫৪৬৪৮৪

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
২। শিপিং মাষ্টার, সরকারি সমুদ্র পরিবহন অফিস, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৩। অতিরিক্ত সচিব (বন্দর) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। যুগ্মসচিব (জাহাজ), মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।